

কেন সারা দিন ধীরে ধীরে  
 বালু নিয়ে শুধু খেলো তীরে ॥  
 চলে গেল বেলা, রেখে মিছে খেলা  
 ঝাঁপ দিয়ে পড়ো কালো নীরে ।  
 অকূল ছানিয়ে যা পাও তা নিয়ে  
 হেসে কেঁদে চলো ঘরে ফিরে ॥

নাহি জানি মনে কী বাসিয়া  
 পথে বসে আছে কে আসিয়া ।

কী কুসুমবাসে ফাগুনবাতাসে  
 হৃদয় দিতেছে উদাসিয়া ।  
 চল্ ওরে এই খ্যাপা বাতাসেই  
 সাথে নিয়ে সেই উদাসীরে ॥

---

Parjaay: Prem, Taal: Rupakra, Raag: Pilu

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail